



# বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র

নিশিন্দারা, বগুড়া

Phone: 051-65530

www.biambogura.com



স্মারক নং- ০৫.০৫.১০০০.০০২.১৮.০০১.১৯-১৫৬

তারিখঃ ১০ আগস্ট, ২০২১খ্রিঃ

## বিষয়ঃ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর বর্তমান অবস্থা এবং ক্যাম্পাসের বর্তমান চিত্র সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগিত ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মহোদয়ের নির্দেশক্রমে নিম্ন স্বাক্ষরকারী গত ০৬ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর ক্যাম্পাস পরিদর্শন করেন। পরিদর্শনের সময় বিয়াম ল্যাবরেটরী স্কুল ও কলেজ এর অধ্যক্ষসহ সকল শিক্ষক-কর্মচারী এবং বিয়াম মডেল স্কুল ও কলেজ এর শিক্ষক-কর্মচারী উপস্থিত ছিলেন। জেলা প্রশাসনের পক্ষে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মোঃ গোলাম রব্বানী। উপস্থিত সকলের সাথে সার্বিক বিষয়ে মতবিনিময় করা হয় এবং সামগ্রিক তথ্য সংগ্রহ করা হয়। প্রাপ্ত তথ্যসমূহ নিম্নরূপঃ

বিয়াম কমপ্লেক্স (দলিলে বর্ণনামতে) ও বিয়াম ল্যাবরেটরী স্কুল, রংপুর প্রতিষ্ঠার লক্ষ্যে রংপুর জেলার তৎকালীন রংপুর পৌরসভাস্থ (বর্তমানে সিটি কর্পোরেশন) রঘুনাথগঞ্জ মৌজার ২৭৪, ২৭৫, ২৭৬নং দাগে সর্বমোট ১.৪৪ একর ১নং খাস খতিয়ানভুক্ত জমি সরকারের নিকট হতে মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন এর অনুকূলে দীর্ঘ মেয়াদী (তৎকালীন মেয়াদ ৩০ বছর) লীজ গ্রহণ করা হয় (দলিল, খতিয়ান সংযুক্ত)। দলিল সম্পাদিত হয় ২০০৪ সালে।

প্রতিষ্ঠাকালে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর জনবল সংখ্যা ছিল ১৫ জন (০১জন মৃত বিধায় বর্তমানে ১৪ জন বিদ্যমান)। প্রতিষ্ঠার পর হতেই বেসিক কম্পিউটার ট্রেনিং কোর্স, কমিউনিকেশন ইংলিশ কোর্স এবং বিয়াম ফাউন্ডেশন প্রতিষ্ঠিত স্কুল কলেজের শিক্ষকদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হতো। কিন্তু অতি স্বল্প সময়ের মধ্যেই প্রশিক্ষণার্থী না পাওয়ায় ২০০৬ সালে ১১ জন কর্মচারীকে নতুন করে স্থাপিত বিয়াম মডেল স্কুলসহ বিয়াম ল্যাবরেটরী স্কুল কলেজ এর মাঝে ভাগ করে ন্যস্ত করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে (২০০৯ সালে) প্রশিক্ষণ পুরোপুরি বন্ধ হয়ে গেলে অবশিষ্ট ৪ জন কর্মকর্তা/কর্মচারীকেও উভয় বিদ্যালয়ে বিভাজনপূর্বক ন্যস্ত করা হয় (কপি সংযুক্ত)। কর্মচারীগণ উক্ত বিদ্যালয় দু'টিতে বিভিন্ন পদে নিযুক্ত আছেন।

বর্তমানে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর জন্য ব্যবহৃত অবকাঠামো (ডিজিটাল সার্ভে ম্যাপের অভ্যন্তরে প্রদর্শিত) ব্যবহার অনুপযোগী বিধায় জেলা প্রশাসন কর্তৃক অপসারণ করা হয়েছে। এ অবস্থায় বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর নামে কোন অবকাঠামো বিদ্যমান নেই। এ মুহূর্তে শুধুমাত্র বিয়াম ল্যাবরেটরী স্কুল ও কলেজ এবং বিয়াম মডেল স্কুল ও কলেজ পূর্ণাঙ্গরূপে চালু রয়েছে। অবলুপ্ত বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর কর্মকর্তা/কর্মচারী উক্ত দু'টি শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন পদে সংযুক্ত থেকে চাকুরী করে আসছেন।

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর হিসেবে পুনরায় চালু করার ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জ ও সম্ভাবনা:

বিভাগীয় শহর হিসেবে রংপুরে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র চালু রাখার প্রয়োজনীয়তা থাকলেও বর্তমানে কিছু কিছু সমস্যা বিদ্যমান। ১.৪৪ একর জমিতে বিয়াম ফাউন্ডেশন এর দু'টি বিদ্যালয় প্রতিষ্ঠিত বিধায় এই সীমিত পরিসরে আঞ্চলিক কেন্দ্র নির্মাণ বিদ্যালয় দু'টিকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করবে। বিদ্যালয় দু'টির ছাত্র-ছাত্রীদের খেলার মাঠ বিলুপ্ত হবে এবং আঞ্চলিক কেন্দ্রও পর্যাপ্ত স্পেস পাবে না। তবে এই ক্যাম্পাস সংলগ্ন রাস্তা বরাবর জড়াজীর্ণ ম্যাজিস্ট্রেট কোয়ার্টার এরিয়া (ডিজিটাল সার্ভে) সংযুক্ত করে লীজ গ্রহণ করলে আঞ্চলিক কেন্দ্রসহ বিদ্যালয় দু'টি সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হবে। কিন্তু জেলা প্রশাসন সূত্রে জানা যায়, উক্ত জড়াজীর্ণ ম্যাজিস্ট্রেট কোয়ার্টার এরিয়াতে অফিসার্স কোয়ার্টার নির্মাণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। তবে উক্ত প্রস্তাবিত অফিসার্স কোয়ার্টার একই দাগের (প্রায় ১ একর আয়তনের) উত্তরে সরিয়ে দিলে কোন সমস্যা থাকার কথা নয়। সেক্ষেত্রে বিয়াম ফাউন্ডেশন ও রংপুর এর বিভাগীয় ও জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাগণের যৌথ পরিদর্শনে সঠিক সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

এ ব্যাপারে রংপুরের জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। তাঁরা উভয়েই অভিমত ব্যক্ত করেন যে, রংপুর বর্তমানে বিভাগীয় শহর হওয়ায় এবং এ বিভাগের ৮টি জেলার কেন্দ্রবিন্দু হওয়ায় এখানে বিয়াম ফাউন্ডেশনের আঞ্চলিক কেন্দ্র চালু করার প্রয়োজনীয়তা রয়েছে এবং বিদ্যমান ক্যাম্পাসে স্থান সংকুলান না হলে তাঁরা শহরের অন্যত্র প্রয়োজনীয় পরিমাণ জমি প্রদানের আশ্বাস প্রদান করেছেন।

**মতামত:** বিদ্যমান ক্যাম্পাসে দু'টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হওয়ায় সেখানে পুনরায় বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর কার্যক্রম চালু করা প্রয়োজনীয় স্থান সংকুলানের অভাবে সম্ভব না হলেও বিভাগীয়/জেলা প্রশাসনের আগ্রহ ও আশ্বাসমতে প্রয়োজনীয় জমি বরাদ্দ পাওয়া গেলে সেখানে উক্ত কেন্দ্রের কার্যক্রম পুনরায় চালু করা যেতে পারে। এ ব্যাপারে জেলা প্রশাসক, রংপুর এর নিকট হতে সুনির্দিষ্ট প্রস্তাব চাওয়া যেতে পারে।

মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে সংযুক্তিসহ এ প্রতিবেদন প্রেরণ করা হ'ল।

(মোহাঃ আব্দুর রফিক)

পরিচালক

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া

ই-মেইলঃ [biambogura@gmail.com](mailto:biambogura@gmail.com)

মহাপরিচালক

বিয়াম ফাউন্ডেশন, ঢাকা